

ইঞ্জিনিয়ার হয়েও কবিতায় মুক্তি গৌতমের



স্টাফ রিপোর্টার :
“...প্রেমার্ত হৃদয়--যন্ত্রণার
চাপে দীর্ণ, আরক্তময়--উদগ্র
প্রতীক্ষা নিয়ে ছিন্ন-
নভোতুল, তুমি আসবে
বলে।” এ কথা যিনি লিখতে

পারেন, তিনি যথার্থই কবি। শিবপুর বিই কলেজ থেকে
নিউইয়র্ক, কমপিউটার ইঞ্জিনিয়ারিংয়ে দীর্ঘ শিক্ষার পর
অধুনা যাদবপুর বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনা। কবিতা ও
পদার্থবিদ্যার সঙ্গে গাঁটছড়া বেঁধেছেন গৌতমকুমার পাল।
অন্তরের ধাক্কায় তিনি কলম ধরেছেন। অন্তরের সেই ভাবনা
কবিতা হয়ে এবারের বইমেলায় রীতিমতো মলাট-বন্দি।

বইমেলায় উজ্জ্বল সাহিত্য মন্দির থেকে প্রকাশিত হয়েছে
গৌতমের ‘বৃষ্টি তোমার জন্য’ বইটি। বইটি মিলবে
বইমেলায় ১২৬ নম্বর স্টলে। বেশ কয়েকটি প্রকৃত কবিতার
সংকলন এই ‘বৃষ্টি তোমার জন্য’। যে বৃষ্টি কবিকে পুড়িয়ে
ছাই করে দিতে পারে, আবার মৃত কবির খাতাও ভিজিতে
দিতে পারে কবিতা-সঞ্জীবনীতে, তাকেই উৎসর্গ গৌতমের
এই কবিতাগুচ্ছ। ‘মৌচাক’, ‘আহবকাল’ প্রভৃতি পত্রিকা
একসময় সমৃদ্ধ হয়েছিল গৌতমের লেখনিতে। ‘বৃষ্টি
তোমার জন্য’ গৌতমের প্রথম প্রকাশিত কাব্যগ্রন্থ।
‘প্রতীক্ষণ’, ‘চুম্বিতা-কে’, ‘হিমের পাঁচালী’, ‘ইচ্ছে’, ‘আজও
আসবে না তুমি?’ প্রভৃতি কবিতায় অধ্যাপক গৌতম হেরে
গিয়েছেন কবি গৌতমের কাছে।